ট্রেনের সিগন্যালে রিকশা আটকানোয় পুলিশ সদস্যকে জুতাপেটা করলো দুই নারী

কুষ্টিয়ায় কর্তব্যরত ট্রাফিক পুলিশকে জুতাপেটা করেছে দুই নারী। সোমবার (৯ ডিসেম্বর) সকাল এগারোটার দিকে কোর্ট স্টেশন মসজিদের সামনের মোড়ে (আরসিআরসি সড়ক) এ ঘটনা ঘটে।

জানা যায়, সকালে মসজিদের মোড়ে দায়িত্ব পালন করছিলেন ট্রাফিক পুলিশের এক কনস্টেবল। তখন স্টেশনে ট্রেনের সিগন্যাল পড়ে।

স্থানীয়রা বলেন, ওই দুই নারী একটি বাচ্চাকে নিয়ে স্কুলে যাচ্ছিলেন। এ সময় সড়কে অতিরিক্ত যানজট থাকায় রিকশায় থাকা দুই নারীর রিকশা আটকে দেন ট্রাফিক পুলিশের ওই কনস্টেবল। তবে তারা ট্রেনের সিগন্যাল উপেক্ষা করে জোরপূর্বক যাওয়ার চেষ্টা করলে বাধা দেয় পুলিশ কনস্টেবল। সেখান থেকেই শুরু হয় তর্ক-বিতর্ক।

স্থানীয় একটি ফার্মেসির সিসিটিভি ফুটেজে দেখা যায়, ওই দুই নারীর সাথে থাকা শিশুকে স্কুলে পৌঁছে দিয়ে ফেরার পথে ট্রাফিক পুলিশের দিকে তেড়ে এসে প্রথমে একজন ধাক্কা দেয়। এরপর আরেকজন ট্রাফিক পুলিশের মুখে জুতা দিয়ে আঘাত করে। তারপর তাদের সাথে ধ্বস্তাধস্তি শুরু হয়। একপর্যায়ে স্থানীয়রা ঠেকালে ওই দুই নারী চলে যায়। এই ঘটনার সিসিটিভি ফুটেজ ইতোমধ্যেই ছড়িয়ে পড়েছে সামাজিক যোগাযোগমাধ্যমে।

এ বিষয়ে অতিরিক্ত পুলিশ সুপার পলাশ কান্তি নাথ বলেন, ট্রেনের সিগন্যাল পড়েছিল, তবে ওই দুই নারী সিগন্যাল উপেক্ষা করে জোরপূর্বক যাওয়ার চেষ্টা করে। সেখানে ট্রফিক পুলিশ বাধা দিলে বাকবিতন্ডা হয়। পরে ওই দুই নারী পথচারী ঘুরে এসে ট্রাফিক পুলিশকে ধাক্কা দেয় এবং জুতা দিয়ে পেটায়।

তিনি বলেন, এ বিষয়ে জানার জন্য ট্রাফিক কনস্টেবলকে ডেকেছি। তার কাছ থেকে বিস্তারিত জেনে আইনগত ব্যবস্থা নেয়া হবে। এখনও ওই দুই নারীর পরিচয় পাওয়া যায়নি, তাদের সন্ধান চলছে।